B.A. Semester – IV (General)
Sub. – Political Science (Gen.)
Paper – CC-4 (Introduction to IR)
Syllabus Unit No. – 2.a).(iv)
Content: End of Cold War and Collapse of Soviet Union
by: P. Patra

Q: What are the causes of the end of Cold-war. (ঠান্ডা-যুদ্ধ অবসানের কারণগুলি কি ছিল?

Ans: ইতিহাসের পাতায় ঠান্ডা যুদ্ধের স্থান হওয়ার বিশ্ব-রাজনীতিতে নিঃসন্দেহে একটি গুরুত্বপূর্ণ ঘটনা। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরবর্তী যুগে পৃথিবীর দুই মহাশক্তিধর রাষ্ট্র মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়নের মধ্যে মতাদর্শগত বিরোধকে কেন্দ্র করে ঠান্ডা লড়াইয়ের সূচনা ও তার প্রসার ঘটে। এই ঠান্ডা লড়াইয়ের অবসান ঘটে ১৯৯০ দশকের একেবারে গোড়ার দিকে। এই ঠান্ডা যুদ্ধের পরিসমাপ্তি বা অবসানের পেছনে কতগুলো কারণ উল্লেখ করা যেতে পারে। কারণগুলি সংক্ষেপে নিম্নরূপ,

① গর্বাচেভ প্রবর্তিত বিভিন্ন সংস্কারমূলক নীতি:
মিখাইল গর্বাচেভ সোভিয়েত ইউনিয়নের অভ্যন্তরীণ ক্ষেত্রে অর্থনৈতিক ও রাজনৈতিক সংস্কার সাধনের মাধ্যমে আমূল পরিবর্তন আনার চেষ্টা করেন। গর্বাচেভ দুটি নীতির প্রবর্তন করেন। এই দুটি নীতি হল — পেরেস্ত্রৈকা এবং গ্লাসনস্ত। এই দুটি নীতি সোভিয়েত ইউনিয়নের রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্কার সাধনের ক্ষেত্রে সহায়ক হওয়ার ফলে সোভিয়েতের

End of Cold war

ইউনিয়নে সমাজতান্ত্রিক সমাজ কাঠামোর পরিবর্তে উদার গণতান্ত্রিক নীতিগুলি গৃহীত হতে থাকে। এর ফলে সোভিয়েত ইউনিয়ন ও আমেরিকার মধ্যে আস্থার পরিবেশ স্থাপিত হয়। সোভিয়েত কমিউনিস্ট পার্টির প্রাধান্য আনুষ্ঠানিকভাবে বিলুপ্ত হয়ে যায়। সাম্যবাদী রাষ্ট্রগুলিতে উদার অর্থনীতি গৃহীত হওয়ার ফলে সোভিয়েত নাগরিকেরা ব্যক্তিগত সম্পত্তির অধিকার, ধর্মীয় স্বাধীনতার অধিকার ইত্যাদি লাভ করে। প্রচার যন্ত্র ও প্রকাশনার স্বাধীনতার উপর নিয়ন্ত্রণ শিথিল হয়। তাছাড়া, পূর্ব-ইউরোপ সাম্রাজ্য ও আফগানিস্তান সমস্ত দেশগুলি স্বাধীনতা স্বীকৃতি লাভ করে। সোভিয়েত ইউনিয়নের আভ্যন্তরীণ পররাষ্ট্রনীতির এই ব্যাপক পরিবর্তনের ফলে মার্কিন যুক্তরাষ্ট্রের সাথে সোভিয়েত ইউনিয়নের সম্পর্ক স্থির হয়ে ওঠে। উভয় দুই ~~মহাশক্তি~~ মহাশক্তিধর রাষ্ট্রের মধ্যে ~~~~ প্রায় সাড়ে-চার দশক ধরে যে অস্ত্রপ্রতিযোগিতা চলছিল তার আর প্রয়োজন না হওয়ায়, ঠান্ডা যুদ্ধের তীব্রতা আনুষ্ঠানিক হ্রাস পায়।

② ন্যাটো ঘোষণা পত্র:

ন্যাটো (NATO) ঘোষণা পত্রকেও ঠান্ডা যুদ্ধের অবসানের একটি কারণ হিসাবে উল্লেখ করা হয়ে থাকে। ১৯৯০ সালের মাঝামাঝি সময় লন্ডনে অনুষ্ঠিত ন্যাটো জোট সদস্যদের শীর্ষ সম্মেলনের শেষে একটি ঘোষণা পত্র প্রকাশ করা হয়। এই ঘোষণা পত্রে ইউরোপে মার্কিন পারমাণু অস্ত্র কমানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সমগ্র বিশ্বের নেতৃবৃন্দসহ সোভিয়েত নেতৃবৃন্দও উক্ত সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছিলেন। এর ফলে দুই মহাশক্তিধর (দেশের মধ্যে) ঠান্ডা যুদ্ধ অবসানের একটি পরিবেশ সৃষ্টি হয়।

③ পারমাণবিক যুদ্ধের আশঙ্কা:

মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়ন — উভয় মহাশক্তিধর রাষ্ট্র পারমাণবিক যুদ্ধের আশঙ্কা উপলব্ধি করতে সক্ষম হয়। উভয় রাষ্ট্রই উপলব্ধি করতে সক্ষম হয় যে, পারমাণবিক যুদ্ধ সংঘটিত হলে কোনো পক্ষই অস্তিত্ব রক্ষা করতে সক্ষম হবেনা এবং উভয় রাষ্ট্র সহ পৃথিবী

শুরু হয়ে যায়। এর ফলে উভয় রাষ্ট্রই ঠান্ডা লড়াইয়ের পরিবর্তে সমঝোতার পরিবেশ সৃষ্টিতে আগ্রহী হয় এবং পারমাণবিক অস্ত্র বিষয়ে সমঝোতার পথে এগিয়ে চলে ও সামিল হয়। দুই মহাশক্তিধর রাষ্ট্রের মধ্যে এই নীতিগত পরিবর্তনই ঠান্ডা লড়াই-এর অবসানের সহায়ক হয়।

④ অর্থনৈতিক চাপ:

মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়ন – উভয় রাষ্ট্রই অর্থনৈতিক কারণেও ঠান্ডা যুদ্ধের অবসানে ইচ্ছুক হয়েছিল। ঠান্ডা যুদ্ধ চলার সময় থেকেই বিভিন্ন অঞ্চলে আধিপত্য প্রসারে মার্কিন যুক্তরাষ্ট্র ও সোভিয়েত ইউনিয়ন ছায়াযুদ্ধে লিপ্ত হয়। এর ফলে উভয় রাষ্ট্রকেই বিপুল পরিমাণ অর্থব্যয় করতে হয়েছিল, এই কারণে উভয় রাষ্ট্রকেই অর্থনৈতিক চাপ এবং সংকটের সম্মুখীন হতে হয়। সুতরাং উভয় রাষ্ট্রই সমঝোতায় আগ্রহী হয়ে উঠেছিল যাতে সামরিক খাতে ব্যয় নিয়ন্ত্রিত হয় এবং সম-প্রীতি। এই উদ্দেশ্যে উভয় রাষ্ট্রই উদ্যোগী হতে থাকে। ফলস্বরূপ ঠান্ডা যুদ্ধের পরিবেশ থেকে পৃথিবী মুক্ত হতে শুরু করে।

⑤ সোভিয়েত ইউনিয়নের পতন:

সোভিয়েত ইউনিয়ন শাসক ১৯৯১ সালের ডিসেম্বর মাসে সোভিয়েত ইউনিয়ন ভেঙে যায়। সোভিয়েত ইউনিয়ন ছিল সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলি ১৫টি প্রজাতন্ত্র নিয়ে একটি যুক্তরাষ্ট্রীয় কাঠামো। নানা কারণে সোভিয়েত সমাজতন্ত্রের পতন হয়ে প্রতিষ্ঠিত হয় রাশিয়া ও 'Commonwealth of Independent States' বা 'C.I.S'। রাশিয়া থেকে সমাজতন্ত্র বিদায় নেয় এবং মার্কিন উদারনৈতিক গণতন্ত্র অনুসরণ করে। এর ফলে মার্কিন যুক্তরাষ্ট্রও আর ঠান্ডা যুদ্ধ চালানোর প্রয়োজন অনুভব করেনি এবং উভয় রাষ্ট্রের মধ্যে প্রায় সাড়ে চার দশক ধরে চলা ঠান্ডা যুদ্ধের অবসান হয়।